SerenaMente

U Report by UNICEF



লিঙ্গ পরিচয় এবং যৌনতা

অনুভূতি, প্রশ্ন এবং আত্ম-আবিষ্কারের এক যাত্রা

ভিন্ন সংস্কৃতি, ঐতিহ্য ও মূল্যবোধের মধ্যে বেড়ে ওঠার অর্থ হতে পারে আমাদের "কেমন হওয়া উচিত" সে সম্পর্কে সম্পূর্ণ ভিন্ন প্রত্যাশার সম্মুখীন হওয়া।

কিছু মানুষের কাছে এই যাত্রাপথে নিজেদের যৌন অভিমুখিতা বা লিঙ্গ পরিচয় উদ্ঘাটন করাও অন্তর্ভুক্ত থাকে।

এটি অনুভব করার কোনো সঠিক বা ভুল প্রক্রিয়া নেই।





কয়েকটি মূল ধারণা বুঝতে পারা সাহায্যকর হতে পারে:

লিঙ্গ পরিচয়

কোনো ব্যক্তি নিজের লিঙ্গকে কীভাবে বোঝে ও অনুভব করে।

যৌন অভিমুখিতা


কোনো ব্যক্তির প্রতি কারো প্রতি মানসিক এবং/অথবা যৌন আকর্ষণ অনুভব করা।



কখনও কখনও আপনি নিচের বিষয়গুলোর মাঝে আটকা পড়েছেন বলে মনে হতে পারে :

- আপনার পরিবারের বা সম্প্রদায়ের মূল্যবোধ
  - আপনি যা সত্যিই অনুভব করেন
    - অংশ হওয়ার ইচ্ছা
      - নিজের মতো হওয়ার প্রয়োজনীয়তা

এসব অনুভূতি **একই সময়ে আপনার** মধ্যে থাকতে পারে।
এর মানে এই নয় যে আপনার মধ্যে কোনো সমস্যা আছে।



কিছু সাংস্কৃতিক বা ধর্মীয় প্রেক্ষাপটে লিঙ্গ পরিচয় বা যৌন অভিমুখিতা নিয়ে কথা বলা

কঠিন বিষয় হতে পারে।



এর ফলে কিছু মানুষ নিজেদের কিছু অংশ লুকিয়ে রাখতে পারে, নির্দিষ্ট বিষয় এড়িয়ে চলতে পারে, অথবা মনে করতে পারে যে তারা প্রতিনিয়ত ভেতরে ভেতরে সংগ্রাম করছে।


নিজেকে রক্ষা করার অর্থ এই নয় যে নিজের সত্তাকে **বিসর্জন দিতে হবে।**

এই যাত্রাপথে আপনি বিভিন্ন অভিজ্ঞতা লাভ করতে পারেন :

- সমালোচিত হওয়ার ভয়
- অপরাধবোধ
- বিভ্রান্তি
- বিচ্ছিন্ন বোধ করা
- যখন আপনি নিজেকে বুঝতে ও গ্রহণ করতে শুরু করেন, তখন উদ্বেগ এবং স্বস্তি দুটোই ফিরে আসে



প্রতিটি আবেগই আমাদের বর্তমান পরিস্থিতি সম্পর্কে কিছু না কিছু বলে দেয়, এবং প্রতিটি আবেগই প্রকাশ পাওয়ার যোগ্য।



ছোটো ছোটো পদক্ষেপের মাধ্যমে আপনি এই অনুভূতিগুলোর মোকাবিলা করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি :

- বিশ্বস্ত কারও সাথে কথা বলতে পারেন
- অন্তর্ভুক্তিমূলক গোষ্ঠী বা সম্প্রদায় খুঁজতে পারেন
- নির্ভরযোগ্য উৎস থেকে তথ্য খুঁজতে করতে পারেন





সমস্যাগুলো একা সামলানো খুব কঠিন বলে মনে হবে, তখন আপনি **মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের** সাহায্য নিতে পারেন

এসব বিষয়ে আপনাকে সহায়তা করার জন্য সঠিক প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিবর্গ আছেন যারা ওহাকিবহাল, সংবেদনশীল এবং শ্রদ্ধাশীল।



HERE4U প্রোজেক্ট



আপনার বয়স কি ১৪ থেকে ২৪ বছরের মধ্যে?

Here4U হলো বিনামূল্যে একটি বেনামী সেবা যা আপনার ভাষায় আইনি ও মানসিক সহায়তা প্রদান করে।

আমাদেরকে বার্তা পাঠান
U-REPORT ON THE MOVE

U-Report app

+39 320 248 0863

U-Report On The Move

Cofinanziato dall'Unione europea

FAMI FONDO ASILO MIGRAZIONE E INTEGRAZIONE 2021/2027

unicef per ogni bambino

MINISTERO DELL'INTERNO

FONDO ASILO, MIGRAZIONE E INTEGRAZIONE (FAMI) 2021-2027

Obiettivo Specifico "1. Asilo" - Misura di attuazione "1.a" - Ambito di applicazione "1.b" - Intervento "del programma nazionale. Servizi informativi per richiedenti e titolari"